**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

Web site: http://lama.bandarban.gov.bd
E-mail: unolama@mopa.gov.bd
ফোন নম্বর- ০৩৬১-৭১০০২ (অফিস), ০৩৬১-৭১০০৩ (বাসা)
উপজেলা কোড- ০৩৫১, পোস্ট কোড- ৪৬৪০।

## আইসিটি বিষয়ক উপজেলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ **খিনওয়ান নু**
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

তারিখ ঃ ১৩/০৬/২০১৭ খ্রিঃ। (রবিবার)

সময় ঃ সকাল- ১২.৩০টা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

(ক) সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে দেখানো হল।

(খ) সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত ১৩/০৫/২০১৭খ্রিঃ অনুষ্ঠিত আইসিটি বিষয়ক কমিটির সভায় উত্থাপিত বিষয়সহ অদ্যকার আলোচ্য বিষয়ে সভায় আলোকপাত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্তঃ** জেলা আইসিটি বিষয়ক সভা ও উপজেলা আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | জেলা ও উপজেলা আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট (সকল) |
| ০২. | **ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট পোর্টাল হালনাগাদ সংক্রান্তঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টারকে কার্যকর ও জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে ইউডিসি সমূহের সেবাসংক্রান্ত দৈণিক প্রতিবেদন ও হালনাগাদ তথ্য আপলোড করা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট পোর্টালে ইউডিসি সমূহের সেবা সংক্রান্ত দৈনিক প্রতিবেদন ও হালনাগাদ তথ্য ইউপি সচিব/উদ্যোক্তাগণ দ্রুত আপলোড করবেন।<br>২। ই-মেইলে যোগাযোগ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের ই-মেইল আইডি খুলতে হবে।<br>৩। ওয়েব পোর্টালে ইউনিয়ন পর্যায়ে কোন দর্শনীয় ও আকর্ষণীয় স্থানের ছবি আপলোড করে দিতে হবে। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সচিব, ইউনিয়ন পরিষদ (সকল)<br>৩। উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৩. | **সরকারী অফিসসমূহের নিজস্ব ওয়েবপোর্টাল হালনাগাদ সংক্রান্তঃ** উপজেলা পর্যায়ে সরকারী অফিসসমূহের নিজস্ব ওয়েবপোর্টাল ইউজার আইডি ও পাসওয়ার্ড হালনাগাদ করণ ও নিয়মিত তথ্য সন্নিবেশ করা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সরকারি অফিসসমূহের নিজস্ব ওয়েবপোর্টাল ইউজার আইডি ও পাসওয়ার্ড হালনাগাদ করণ ও নিয়মিত তথ্য সন্নিবেশ করবেন প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এসে কাজ করবেন। | সংশ্লিষ্ট অফিসারবৃন্দ (সকল) |
| ০৪. | **ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্তঃ** ওয়েব পোর্টালকে কার্যকর ও তথ্য নির্ভর করতে হালনাগাদ তথ্য আপলোড করা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইউনিয়ন ওয়েব পোর্টালে ইউপি সচিব/উদ্যোক্তাগণকে দ্রুত আপডেট তথ্য আপলোড করার ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও যে সকল ইউনিয়নে নেটওয়ার্কের সমস্যা রয়েছে সেই সকল ইউডিসি উদ্যোক্তাদেরকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এসে আইটি বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তার সহায়তায় নিয়ে কাজ করবেন। | ১। উদ্যোক্তা (সকল) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫. | **মাল্টিমিডিয়া ক্লাশরুম বিষয়কঃ**<br>ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমে নিয়মিত ক্লাস করার বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) গজালিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, গজালিয়া উচ্চ বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবে গ্রামীণ নেটওয়ার্ক নেই। অন্ততঃপক্ষে ইউনিয়ন সদরে গ্রামীনের নেটওয়ার্ক স্থাপনের ব্যাপারে ফোন কোম্পানীকে পত্র প্রেরনের অনুরোধ করেন। | ১। উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার যেসব বিদ্যালয়ে মাল্টিমিয়া ক্লাসরুম রয়েছে সেসব বিদ্যালয়ে ক্লাস গুলো নিয়মিত হচ্ছে কিনা তা তদারকি করবেন ও প্রতিবেদন প্রেরণ করবেন।<br>২। ইউপি চেয়ারম্যান, মেম্বারগণ বিদ্যালয়ে শিক্ষক উপস্থিতি নিশ্চিত করে বিদ্যালয় পরিদর্শনে জনগণকে উদ্বুদ্ধ করবেন।<br>৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে গ্রামীণ নেটওয়ার্ক চালু করার বিষয়ে গ্রামীন নেটওয়ার্ক কোম্পানীকে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে একটি পত্র প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৬. | **বিবিধ আলোচনা ঃ**<br>ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন, ছাত্রছাত্রীরদের মাঝে তথ্য ও প্রযুক্তি বিষয়ক ক্লাস করার জন্য কোন দানশীল ব্যক্তির কাছ থেকে কম্পিউটার / ল্যাপটপ নিয়ে বিদ্যালয়ে বিতরনের ব্যবস্থাকরণের উপর প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>খ) লামা উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় সমূহে মিড-ডে মিল চালু করার ব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দকে অনুরোধ করেন।<br>গ) ইউডিসিগুলো সক্রিয় ও কার্যকর করার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। অনেক সময় উদ্যোক্তাগণকে কর্মস্থলে পাওয়া যায় না। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ দানশীল ব্যক্তির কাছ থেকে কম্পিউটার / ল্যাপটপ নিয়ে বিদ্যালয়ে পাঠদানের ব্যবস্থা করবেন।<br>২। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও প্রধান শিক্ষকগণ মিডডে মিল চালু করার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। ইউডিসিগুলো সক্রিয় ও কার্যকর করার ব্যাপারে স্বস্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণ উদ্যোক্তাকে নির্দেশনা দিবেন।<br>৪। প্রত্যেকটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ফেসবুক আইডি খুলতে হবে এবং ইউনিয়ন পরিষদ এর সেবা সম্পর্কে জনগণকে অবহিত কাতে হবে। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। প্রধান শিক্ষক (সকল)<br>৩। ইউপি সচিব (সকল)<br>৪। উদ্যোক্তা (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খিনওয়ান নু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং- ০৫.৪২.০৩৫১.২০৫.০৬.০০১.২০১৭- ৫২৮

তারিখ: ২০/০৬/২০১৭খ্রিঃ।

**অনুলিপি, সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ব্যাংসডক ভবন, আগারগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান (সকল) ...................................... ইউনিয়ন পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৭। জনাব.............................................................. সদস্য, উপজেলা আইসিটি কমিটি, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

Web site: http://lama.bandarban.gov.bd
E-mail: unolama@mopa.gov.bd
ফোন নম্বর- ০৩৬১-৭১০০২ (অফিস), ০৩৬১-৭১০০৩ (বাসা)
উপজেলা কোড- ০৩৫১, পোস্ট কোড- ৪৬৪০।

## উপজেলা ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ **খিনওয়ান নু**
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

তারিখ ঃ ১৩/০৬/২০১৭ খ্রিঃ।

সময় ঃ সকাল- ১২.০০টা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

(ক) সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে দেখানো হল।

(খ) সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা ইনোভেশন কমিটির কার্যক্রম ও গুরুত্বের উপর আলোকপাত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় ও পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **মাল্টিমিডিয়া ক্লাশরুম বিষয়কঃ** সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রমে গতিশীলতা আনয়ন । | ক) উপজেলাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম এ গতিশীলতা আনয়নের লক্ষ্যে স্কুল/কলেজ ও মাদ্রাসায় নিয়মিত ক্লাশ কার্যক্রম পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়।<br>খ) শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক দ্বারা In house Trainning এর মাধ্যমে অন্যান্য শিক্ষকদেরকেও বিষয় সংশ্লিষ্ট প্রশিক্ষণের মাধ্যমে কন্টেন্ট তৈরী করার ব্যাপারে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। মাধ্যমিক শিক্ষা অফিসার ও<br>২। উপজেলা শিক্ষা অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খিনওয়ান নু)
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং- ০৫.৪২.০৩৫১.২০৫.০৬.০০১.২০১৭- ৫২৯

তারিখঃ- ২০/০৬/২০১৭খ্রিঃ।

**অনুলিপি, সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। -- মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য

৪। ............................................................ (সকল সদস্য), লামা, বান্দরবান পার্বত্য জেলা।

৫। অফিস নথি

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।